দৈনিক সংবাদ

তারিখ 31 DEC 1992
পৃষ্ঠা ৯২ কলাম ৫

25

# ছাত্রবৃত্তি বন্ধ রাখার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয় মেধাবী ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে বর্ধিতহারে ছাত্রবৃত্তি প্রদান করার জন্য সরকারের প্রতি জোর দাবি জানিয়েছে। পরিষদ ছাত্রবৃত্তি বন্ধ রাখারও প্রতিবাদ জানিয়েছে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান মোঃ সিরাজউদ্দিন। এছাড়া উপস্থিত ছিলেন ঢাকা কলেজের ছাত্র ইয়াসির আরাফাত, নটরডেম কলেজের ছাত্র শাহরিয়ার ইমতিয়াজ মুকুল, তিতুমীর কলেজের ছাত্র ফারুক আহমেদ, সিটি কলেজের ছাত্র এস,এম রুবেল, তেজগাঁও কলেজের ছাত্র জিয়াউল হাসান, বিজ্ঞান কলেজের ছাত্র শামীম আহমেদ প্রমুখ।

১৯৯০ সাল পর্যন্ত নিয়মিত বৃত্তি প্রদান করা হত। কিন্তু ১৯৯১ সাল থেকে সরকারী কোন ঘোষণা ছাড়া বৃত্তি প্রদান বন্ধ রয়েছে বলে সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়

সম্প্রতি সরকার ঘোষিত 'মেধাবী ছাত্রীদের বৃত্তি দেয়া হবে' শীর্ষক খবরের উল্লেখ করে সাংবাদিক সম্মেলনে ছাত্র-দেরও বৃত্তি দেবার জন্য সরকারের নিকট জোর দাবি জানানো হয়।